তারিখ ... 14 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# বাউবির বিএ বিএসএস পরীক্ষা শুরু আজ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত ২০১৬ সালের ব্যাচেলর অব আর্টস ও ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (বিএ/বিএসএস) পরীক্ষা আজ শুক্রবার শুরু হচ্ছে। সারাদেশে ২৫৩টি কলেজে স্থাপিত পরীক্ষা কেন্দ্রে সেমিস্টারভিত্তিক এ পরীক্ষায় সর্বমোট ২ লাখ ৭২ হাজার ৮৯৪ শিক্ষার্থী অংশগ্রহণ করবেন। পরীক্ষার্থীদের লিথোকোডযুক্ত উত্তরপত্রে আইডি নম্বর, প্রোগ্রাম কোড ও প্রশ্নপত্র কোড ইংরেজিতে নির্ভুলভাবে লেখা আবশ্যক। এ পরীক্ষা শুক্র ও শনিবার দিনগুলোতে সকাল ও বিকেলে অনুষ্ঠিত হবে। আগামী ২০ অক্টোবর পরীক্ষা শেষ হবে। সংবাদ বিজ্ঞপ্তি।